# প্রতিদিনের কাজের সহায়ক কিছু অ্যাপ

আনোয়ার হোসেন

প্রতিদিন মুক্তি পাওয়া সব অ্যাপ ট্র্যাক করা খুব কঠিন। এমনকি ভালোদের মধ্যে ভালো অ্যাপ চিহ্নিত করাও বেশ কঠিন। কঠিন এই কাজকে সহজ করার জন্য বরাবরের মতো সম্প্রতি মুক্তি পাওয়া কিছু অ্যাপ সম্পর্কে আলোচনা করা হয়েছে।

## নায়াগ্রা লঞ্চার

অ্যান্ড্রয়িড ফোনে প্রতিদিন একই স্ক্রিন দেখে একঘেয়েমি আসতে পারে। আবার হোম স্ক্রিনে থাকা অ্যাপগুলোর অবস্থান বা আইকনের আকার একজন ব্যবহারকারীর জন্য অসুবিধার কারণ হতে পারে। এর জন্য এক হাতের বদলে হয়তো দুই হাত ব্যবহার করতে হতে পারে। এ ধরনের একঘেয়েমি ও কাজের অসুবিধা দূর করার জন্য ব্যবহার করা যেতে পারে নায়াগ্রা লঞ্চার। অ্যাপটি একদিকে যেমন দেখতে সুন্দর, অন্যদিকে প্রাকৃতিক পরিবেশের দৃশ্যাবলী সংবলিত থিমগুলো চোখের শান্তি আনতে সহায়তা করবে। এর মাধ্যমে ব্যবহারকারী তার ফোনকে অন্যদের চেয়ে আলাদা করে নিতে পারেন। বলা হয়ে থাকে, যারা নায়াগ্রা জলপ্রপাত পছন্দ করেন তারা নায়াগ্রা লঞ্চারকেও পছন্দ করবেন। এতে আছে অসাধারণ সব ফ্যাশন স্টাইল। সবাইকে প্রাকৃতিক থিমের মাধ্যমে ব্যবহারকারীর সুন্দর পছন্দ দেখানোর সুযোগ রয়েছে এতে। অ্যাপটি ব্যবহারকারীর গোপনীয়তা রক্ষা, কুইক সার্চ, অ্যাপ সাজিয়ে-গুছিয়ে রাখাসহ অন্যান্য কাজের মাধ্যমে জীবনকে আরো নিরাপদ ও সহজ করে। এতে আছে সুন্দর সুন্দর হাজারো থিম ও ওয়ালপেপার। এর বাইরে আছে থ্রিডি থিম, ভিআরওয়ান, কার্টুন স্টাইল ও কাস্টম মেড থিম।

## লাস্টপাস

আজকাল বাসাবাড়িতেও নিরাপত্তার বেলায় অনেক সচেতনতা লক্ষ করা যায়। তার জন্য অনেক ধরনের নিরাপত্তার আয়োজন দেখা যায়। এ তালিকায় আছে ভয়েজ কন্ট্রোলড নিরাপত্তা ব্যবস্থা। অথচ আমরা আমাদের ডিভাইসের নিরাপত্তার বেলায় একদমই উদাসীন। ফলে ডিভাইসগুলোতে গতানুগতিক পাসওয়ার্ডের ব্যবহারই দেখা মেলে। আর মনে রাখার সুবিধার জন্য একটি পাসওয়ার্ড সব জায়গায় ব্যবহার করতে দেখা যায়। আর এসব ক্ষেত্রে ওই পাসওয়ার্ড হয় খুবই সহজ, যা কোনোভাবেই ডিভাইসের জন্য ভালো নয়। এমন ক্ষেত্রে ডিভাইসের নিরাপত্তার ভালো সমাধান হতে পারে লাস্টপাসের মতো পাসওয়ার্ড ম্যানেজার। এটি ব্যবহারকারীর পাসওয়ার্ডগুলোকে একটি মাস্টার পাওয়ার্ডের পেছনে লুকিয়ে রাখবে। পাসওয়ার্ড ম্যানেজারটি ব্যবহারকারীর সব অ্যাক্সেসের জন্য শক্তিশালী পাসওয়ার্ড জেনারেট করে দেবে। তাই আলাদা করে প্রতিবার ভিন্ন ভিন্ন লগইনের জন্য শক্তিশালী পাসওয়ার্ড মনে রাখার দরকার হবে না। একবার অ্যাপটি ইনস্টল করার পর নিজ থেকে স্বয়ংক্রিয়ভাবে লগইন ফিলআপ করে দেবে। যদিও নিরাপত্তা বিশেষজ্ঞেরা মনে করেন, ফোন বা ল্যাপটপের ক্ষেত্রে অটোফিল ডিজ্যাবল করে রাখা উচিত।

## পুলসে এসএমএস ও অ্যান্ড্রয়িড মেসেজেস

এসএমএসের জন্য অনেক অ্যাপ আছে। তবে সেগুলোর মধ্যে দুটি সবচেয়ে ছোট অন্যগুলোর চেয়ে সেরা। ওই দুটি হচ্ছে পুলসে এসএমএস ও অ্যান্ড্রয়িড মেসেজেস। প্রতিটির আলাদা ফিচার আছে। যেমন পালস এসএমএসে আছে থিমিং, জিআইএফ সাপোর্ট, কনভারসেশনে পাসওয়ার্ড দেয়ার সুবিধা, স্প্যামারদের জন্য ব্লাকলিস্ট, ডুয়াল সিম সাপোর্টসহ অনেক কিছু। তবে অ্যান্ড্রয়িড মেসেজেস অ্যাপটি কিছু বেসিক লেভেলের। তবে সিম্পল এই অ্যাপটি অসাধারণ সব ফাঙ্কশন সংবলিত। উভয় অ্যাপ ব্যবহার করে ডেস্কটপ থেকে মেসেজ পাঠানো যাবো। তবে সে সুবিধা পেতে হলে ব্যবহারকারীকে হয় মাসিক সাবক্রিপশন নিতে হবে অথবা সিঙ্গেল চার্জ ১০.৯৯ ডলার এককালীন খরচ করতে হবে। তবে অ্যান্ড্রয়িডে এ সুবিধার জন্য কোনো অর্থ ব্যয় করতে হবে না। পুলসে এসএমএস একটি সার্ভার কাঠামো ব্যবহার করে, অন্যদিকে অ্যান্ড্রয়িড মেসেজেস ব্যবহারকারীর মেসেজকে লাইভ স্ট্রিম করে থাকে। উভয় মেথডেরই কিছু সুবিধা থাকার পাশাপাশি কিছু অসুবিধা আছে।

## সলিড এক্সপ্লোরার

ফাইল ব্রাউজিং এমন একটি বিষয়, যা আমাদেরকে প্রায়ই করতে হয়। আর এটি করতে গিয়ে অনেক সময় আমরা বেশ ঝুঁকির মধ্যেই পড়ি। এমন অবস্থায় ভালো একটি ব্রাউজার সাহায্য করতে পারে। সলিড এক্সপ্লোরার নামের এই অ্যাপটি ফাইল খুঁজে পেতে দারুণ সহায়ক হতে পারে। এর আছে জনপ্রিয় ক্লাউড সার্ভিস সাপোর্ট, আছে আরো কিছু শক্তিশালী স্টাফের সুবিধা। যেমন এফটিপি, এসএফটিপি, ওয়েবডেভ ইত্যাদি সাপোর্ট। দেখতেও চমৎকার অ্যাপটি কাজেও চমৎকার। তবে এটি ব্যবহার করা যাবে দুই সপ্তাহ। এরপর থেকে এটি ব্যবহার করতে হলে পয়সা খরচ করতে হবে।

## টিকটিক

টিকটিক হচ্ছে অন্যান্য জনপ্রিয় টু-ডু অ্যাপের মতোই জনপ্রিয় একটি অ্যাপ্লিকেশন। তবে এটিকে বলা যায় সেরার সেরা। অ্যাপটি সব বেসিক ফিচারকে কাভার করে। যেমন রিকারিং টাস্ক, রিমাইন্ডার, পুশ নোটিফিকেশন, অন্যান্য ফিচার ও ক্যাটাগরি। এই অ্যাপটিতে আরো একটি ফিচার আছে, যা অন্য অ্যাপ থেকে এটিকে আলাদা করেছে। এটি হচ্ছে অ্যাপটির মাধ্যমে ব্যবহারকারী নিজের টাস্ক বা ক্যাটাগরি অন্যদের সাথে শেয়ার করতে পারবে। আর চমৎকার এই ফিচারটি পরিবার, ছোট টিম অথবা গ্রুপের জন্য ভালো একটি সমাধান। এর বাইরে গ্রোসারি লিস্ট রাখার জন্যও চমৎকার একটি উপায়। গতানুগতিক যেসব টু-ডু লিস্ট অ্যাপ আছে– যেমন টু-ডুইস্টম জিটাস্ক, আসানা, ট্রেলো ইত্যাদির তুলনায় টিকটিকও অসাধারণ একটি অ্যাপ্লিকেশন। অ্যাপটি ব্যবহার করা সহজ। আর সবচেয়ে বড় বিষয় হচ্ছে এটি পুরোপুরি ফ্রি।

## ওয়ালি

আজকের দিনে আমরা একদিনে হয়তো শত শতবার আমাদের ফোনের দিকে তাকাই। আর প্রতিবার ফোনের দিকে তাকালে প্রথমেই আমাদের সবার চোখে পড়ে ফোনে ব্যবহার করা ওয়ালপেপারের দিকে। ওয়ালপেপার সব সময় একই রকম থাকলে অনেক সময় একঘেয়েমি আসতে পারে। সে রকম হলে ব্যবহার করা যেতে পারে ওয়ালপেপার অ্যাপ ওয়ালি। অ্যাপটিতে আছে প্রচুর ওয়াল পেপার। আর সেসব ওয়ালপেপার আবার ভিন্ন ভিন্ন শ্রেণিতে ভাগ করা। যাদের উল্লেখযোগ্য কয়েকটি হচ্ছে অ্যাবস্ট্রাক্ট, ফটোগ্রাফি, রিটেন ওয়ার্ড ইত্যাদি। এটি শুধু অ্যাপ নয়। এটিকে একটি কমিউনিটিও বলা যায়। যেখানে শিল্পীরা তাদের কাজ রেখে দিতে পারেন। আরো যেসব ফিচার আছে অ্যাপটিতে, সেগুলো হচ্ছে বিভিন্ন ম্যাথড, ক্যাটাগরি সাজানোর সুবিধা, একাধিক ওয়ালপেপার সাইজ ব্যবহার করার ফিচার, যাতে করে ব্যবহারকারীর ডিভাইস অনুযায়ী করা যায়। এই অ্যাপের খুব ভালো একটি ফিচার হচ্ছে, এতে যেসব শিল্পী কাজ করেন তাদের ক্রেডিট বা স্বীকৃতি দেয়া হয় কজ

*ফিডব্যাক :*
*hossain.anower099 @gmail.com*